

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর,
১৬, আবুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

পত্র নং ১৩.০১.০০০০.৯১.০৮.১২৮.১৯.

তারিখ: ১০/১০/২০১৯ খ্রি।

“আদেশ”

সংগ্রহ বিভাগের ২৬/০৫/২০১৯ খ্রি: তারিখের ১১০৪ নং স্মারকে অভ্যন্তরীণ গম সংগ্রহ-২০১৯ ও অভ্যন্তরীণ বোরো সংগ্রহ-২০১৯ এর আওতায় ধান, সিঙ্ক ও আতপ চাল সংগ্রহ কার্যক্রম তদারকী করণের নিমিত্ত খাদ্য অধিদপ্তরের কর্মকর্তাদের নাম মনোনীত করে তদারকী আদেশ জারীকরা হয়েছিল। তদারকী আদেশের ক্রমিক-১০ এ বর্ণিত কর্মকর্তা জনাব মোঃ আল-ওয়াজিউর রহমান, উপ-পরিচালক, সরবি বিভাগ, খাদ্য অধিদপ্তর-কে ঢাকা, গাজীপুর, নরসিংডী, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ ও শরিয়তপুর জেলার সংগ্রহ কার্যক্রম তদারকীর জন্য আদেশ প্রদান করা হয়েছিল। আলোচ্য তদারকী কর্মকর্তাকে অতি সম্প্রতি জেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর হিসেবে বদলী করা হয়েছে।

এক্ষণে, বদলীকৃত কর্মকর্তার স্থলে জনাব মোঃ আফিফ-আল-মাহমুদ ভুঁঞ্চা, উপ-পরিচালক, তদন্ত ও মামলা শাখা, প্রশাসন বিভাগ-কে ঢাকা, গাজীপুর, নরসিংডী, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ, মুন্সিগঞ্জ, ফরিদপুর, মাদারীপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, কিশোরগঞ্জ ও শরিয়তপুর জেলার সংগ্রহ কার্যক্রম তদারকীর জন্য আদেশ প্রদান করা হলো। সংগ্রহ বিভাগের ২৬/০৫/২০১৯ খ্রি: তারিখের ১১০৪ নং স্মারকে জারীকৃত আদেশের অগ্রাপর বিষয়সমূহ অপরিবর্তিত থাকবে।

তদারকী কর্মকর্তা নিম্নোক্ত দায়িত্ব পালন করবেন:

- (ক) তদারকী কর্মকর্তা দায়িত্ব প্রাপ্ত বিভাগের প্রতিটি জেলার প্রতিটি (সম্ভব হলে) এলএসডি/সিএসডি পরিদর্শন করে সংগ্রহীত ধান, সিঙ্ক চাল, আতপ চাল ও গমের মান সম্পর্কে মতামত দেবেন;
- (খ) কোন কেন্দ্রে ধান সংগ্রহ কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে কিনা তা যাচাই করে প্রয়োজনীয়/কার্যকর পরামর্শ দিবেন;
- (গ) কোন খামালের চালের মান সম্পর্কে স্থানীয়ভাবে কোন দ্বিধা-দ্বন্দ্বের সৃষ্টি হলে সেই খামালের চালের নমুনা সংগ্রহ করে সংগ্রহ বিভাগে জমা দিবেন;
- (ঘ) অভ্যন্তরীণ সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর আলোকে ক্রয় কার্যক্রম সম্পর্ক হচ্ছে কিনা, তা মহাপরিচালক মহোদয়কে বিস্তারিত প্রতিবেদনের মাধ্যমে অবহিত করবেন।
- (ঙ) বেদরবারী উৎস হতে যে সমস্ত এলএসডি/সিএসডিতে বস্তা সরবরাহ করা হয়েছে, সে সমস্ত বস্তার মান যাচাই করে মতামত প্রতিবেদনে উল্লেখ করবেন।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

৩।

(জুলফিকার রহমান)
পরিচালক, সংগ্রহ বিভাগ

পত্র নং ১৩.০১.০০০০.৯১.০৮.১২৮.১৯. ২৪০৩(৭)

তারিখ: ০২/১০/২০১৯ খ্রি।

অনুলিপি:

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৪। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৫। আঙ্কলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা বিভাগ। তদারকী কর্মকর্তাগণকে সার্বিক সহায়তা করার জন্য অনুরোধ করা হল এবং সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকগণকে বিষয়টি পত্রের মাধ্যমে অবহিত করার জন্য বলা হলো।

৬। সিস্টেম এনালিষ্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে (www.dgfood.gov.bd) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৭। জনাব জনাব মোঃ আফিফ-আল-মাহমুদ ভুঁঞ্চা, উপ-পরিচালক, তদন্ত ও মামলা শাখা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১০/১০/২০১৯
পরিচালক

সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১০/১০/২০১৯